**প্রেস রিলিজ**

তারিখ: ২৭ আগস্ট ২০২৬

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ৬ষ্ঠ সমাবর্তন আয়োজন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠান আয়োজন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ ২৭ আগস্ট ২০২৬, বৃহস্পতিবার সকাল ১১:৩০টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানের সভাপতিত্বে তাঁর সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি, পরিকল্পনা ও বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। সভায় মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান, মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম, মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম, রেজিস্ট্রার, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, বিভাগীয় প্রধান এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভাপতির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ সমাবর্তন শুধু একটি আনুষ্ঠানিক আয়োজন নয়; এটি আমাদের শিক্ষার্থীদের দীর্ঘদিনের পরিশ্রম, সাফল্য ও অর্জনের এক গৌরবোজ্জ্বল স্বীকৃতি। তিনি সমাবর্তন অনুষ্ঠানকে সুশৃঙ্খল, মর্যাদাপূর্ণ ও স্মরণীয় করে তুলতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, দায়িত্বশীলতা ও সমন্বয়ের সঙ্গে কাজ করার আহ্বান জানান।

তিনি আরও বলেন, সম্মিলিত প্রচেষ্টা ও কার্যকর সমন্বয়ের মাধ্যমে একটি সফল ও সুন্দর সমাবর্তন অনুষ্ঠান আয়োজন সম্ভব হবে বলে আমি আশাবাদী।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)



Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd